দৈনিক বাংলা

তাং ... 18 MAR 1995 ..
পৃষ্ঠা ৭ কলাম ৬ ...

## স্কুল ২টির বয়স ১ বছর

# ১৮৪ জনছাত্র ভুয়া রেজিস্ট্রেশনে এসএসসি পরীক্ষা দিচ্ছে

নিজস্ব সংবাদদাতা ঃ পঞ্চগড়, ১৭ মার্চ।—মাত্র দুটি বিদ্যালয় থেকেই ১শ ৮৪ জন ছাত্রছাত্রী ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে আসন্ন এসএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

একটি সূত্র জানায়, পঞ্চগড় জেলার আটোয়ারী থানার সলুয়া ও বড়দাপ বিদ্যালয় দুটি গত বছর নিম্নমাধ্যমিক বিদ্যালয় হিসাবে বোর্ডের অনুমোদন পায়। অথচ এ বছরই দুটি বিদ্যালয় থেকে ১শ ৮৪ জন ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। বিষয়টি নিয়মের সঙ্গে অসঙ্গতিপূর্ণ। নিয়মানুযায়ী এবার এ স্কুল দুটিতে নবম শ্রেণী পর্যন্ত ছাত্রছাত্রী থাকার কথা। কিন্তু দশম শ্রেণীতে এত ছাত্রছাত্রী আসলো কোথা থেকে এবং কিভাবে?

এবারই যেহেতু নৈর্ব্যক্তিক প্রশ্নমালার ভিত্তিতে এসএসসি পরীক্ষার সর্বশেষ সুযোগ। সেজন্য শিক্ষা বোর্ডের দুর্নীতিপরায়ণ কর্মকর্তারা ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে এসব ছাত্রছাত্রীর পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ করে দিয়েছে। ১৯৯৫ সালের এসএসসি পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রদানের সময়সীমা অতিক্রমের পর অনুমোদন পাওয়া এ দুটি বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশন পাবার কথা নয়। বিশেষ অনুমোদন হিসাবে কোন কোন ক্ষেত্রে রেজিস্ট্রেশন প্রদান করা হলেও কিভাবে এ দুটি বিদ্যালয়ের নামে ১৮৪ জন ছাত্রছাত্রীর রেজিস্ট্রেশন দেয়া হল, তা বিস্ময়ের ব্যাপার।

সলুয়া বিদ্যালয়ে নবম শ্রেণীতে ছাত্রছাত্রী ২১ জন। এসএসসি পরীক্ষার ফরম পূরণ করেছে ১০১ জন। বড়দাপ বিদ্যালয়ে নবম শ্রেণীতে ছাত্রছাত্রী ১২ জন। ফরম পূরণ করেছে ৮৩ জন। বিষয় দুটি অসঙ্গতিপূর্ণ। জানা যায়, মূলত ৭ম, ৮ম বা নবম শ্রেণী মানের ছাত্রছাত্রীরা নৈর্ব্যক্তিক পরীক্ষার শেষ সুযোগ গ্রহণ করার জন্য বিধিমতে প্রদেয় অর্থ ছাড়াও প্রতি পরীক্ষার্থীর নিকট ২/৩ হাজার টাকা অতিরিক্ত গ্রহণ করে বোর্ডের কর্মকর্তাদের যোগসাজশে ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে এসএসসি পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ করে দেয়া হয়েছে।